



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০১১.৯৯.০০১.১৮.৪৫

তারিখ: ২৬ পৌষ ১৪২৭

১০ জানুয়ারি ২০২১

অফিস আদেশ

### জাতীয় গ্রন্থাগারের সেবা প্রদান নির্দেশিকা

#### জাতীয় গ্রন্থাগারে সেবাগ্রহীতার আগমন/প্রবেশ-

- কোভিড-১৯ মহামারি জনিত কারণে ভবনের মূল ফটকে বেসিনে সাবান দিয়ে হাত ভালভাবে পরিষ্কার করা;
- স্বাস্থ্যবিধি মেনে অবশ্যই সেবাগ্রহীতাদের মাস্ক পরিধান করা;
- মূল ফটকে সংরক্ষিত জীবানুমুক্ত ড্রেতে পা মুছে প্রবেশ করা;
- কাউন্টারে কর্তব্যরত ব্যক্তির নিকট থেকে শরীরের তাপমাত্রা পরিমাপ করা;
- শরীরের তাপমাত্রা আদর্শমানের বেশী হলে প্রবেশ না করা;
- রেজিস্ট্রারে নাম, ঠিকানা, সদস্য কার্ড নম্বর, সময় ও মোবাইল নম্বর এন্ট্রি করা;
- মোবাইল, মানিব্যাগ/পার্স ব্যতীত ব্যাগ থাকলে কাউন্টারে জমা রেখে টোকেন গ্রহণ করা;
- খাতা ব্যতীত কোন বইপত্র নিয়ে প্রবেশ না করা;
- প্রবেশের সময় কর্তব্যরত ব্যক্তির সাথে সদ্ব্যবহার করা;

#### সেবা গ্রহীতার কর্তব্য-

- ভিতরে প্রবেশ করে প্রথমেই সেবাগ্রহীতাগণ প্রদর্শিত সিটিজেন চার্টার দেখে নিবেন;
- সংশ্লিষ্ট সেবা কোন তলায়, কত নম্বর কক্ষ হতে পাওয়া যাবে সে সম্পর্কে অবহিত হবেন;
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী সম্পর্কে সম্যক অবগত হবেন;
- কি সেবার জন্য তিনি এসেছেন সে সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তাকে জানাবেন;
- প্রার্থিত সেবার ক্ষেত্রে কি করণীয় সে সম্পর্কে বিস্তারিত জানাবেন;
- সংশ্লিষ্ট শাখা থেকে যথাসময়ে প্রার্থিত সেবা প্রদান করা;

#### প্রার্থিত সেবা প্রদানে শাখা কর্মকর্তার করণীয়-

ক্র. নং	প্রদত্ত সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১.	ISBN সেবা	isbn.teletalk.com.bd এ অনলাইনে রেজিস্ট্রেশন এবং পুস্তকেরর আবেদন ও ফি প্রদান সাপেক্ষে ISBN বরাদ্দ প্রদান করা হয়।	মোঃ জামাল উদ্দিন চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ.দা) ফোন: ৪৮১১৪৩৩১ মোবাইল: ০১৫৩১২৬৯৭০২ নিচতলা, কক্ষ নং-১০২ (পূর্ব)
০২.	পাঠক সেবা (বাংলা, ইংরেজি ও পত্রিকা)	সদস্যতা প্রাপ্তি সাপেক্ষে নিয়মিত তথ্য ও গবেষণা সেবা প্রদান করা হয়।	মোঃ নাজমুস শাহাদৎ সহকারী গ্রন্থাগার পরিচালক ফোন: ০১৬৮৭৩৪৯০২১ ২য় তলা, কক্ষ নং- ২০৫ (পূর্ব)

০৩.	পুস্তকাদি ও পত্র পত্রিকার রেফারেন্স সেবা	ব্যক্তিগত অথবা প্রাতিষ্ঠানিক অনুরোধপত্র প্রাপ্তি সাপেক্ষে পুস্তকাদি ও পত্র পত্রিকার রেফারেন্স সেবা প্রদান করা হয়।	মুহাম্মদ মুসলিম উদ্দিন বিবলিওগ্রাফার (প্রকাশনা ও রেফারেন্স) ফোন: ০১৭৫৪৪৭৮৬৭১ নিচতলা, কক্ষ নং- ১০৫ (পূর্ব)
০৪.	ফটোকপি সেবা	চাহিদা ফরমে পৃষ্ঠা সংখ্যা ও সরকার নির্ধারিত ফি (ক) বই প্রতি পৃষ্ঠা-০২ টাকা, (খ) রেকর্ড প্রতি পৃষ্ঠা-০৩ টাকা ও পত্রিকা প্রতি পৃষ্ঠা-০৫ টাকা প্রাপ্তি সাপেক্ষে নিয়মানুযায়ী ফটোকপি সেবা প্রদান করা হয়।	মোঃ নাজমুস শাহাদৎ সহকারী গ্রন্থাগার পরিচালক ফোন: ০১৬৮৭৩৪৯০২১ ২য় তলা, কক্ষ নং-২০৫ (পূর্ব)
০৫.	স্ক্যানিং ও প্রিন্টিং সেবা	চাহিদা ফরমে পৃষ্ঠা সংখ্যা ও সরকার নির্ধারিত ফি (ক) বই প্রতি পৃষ্ঠা-০৫ টাকা ও (খ) পত্রিকা প্রতি পৃষ্ঠা-১০ টাকা প্রাপ্তি সাপেক্ষে স্ক্যানিং ও প্রিন্টিং সেবা প্রদান করা হয়।	মোঃ নাজমুস শাহাদৎ সহকারী গ্রন্থাগার পরিচালক ফোন: ০১৬৮৭৩৪৯০২১ ২য় তলা, কক্ষ নং-২০৫ (পূর্ব)
০৬.	মেম্বারশীপ প্রদান	সদস্য ফরম সংগ্রহ, গেজেটেড কর্মকর্তা/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়ন, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি এবং সরকার নির্ধারিত ফি সাধারণ পাঠক-৫০/- এবং গবেষক-১০০/- প্রাপ্তি সাপেক্ষে মেম্বারশীপ প্রদান করা হয়।	মোঃ নাজমুস শাহাদৎ সহকারী গ্রন্থাগার পরিচালক ফোন: ০১৬৮৭৩৪৯০২১ ২য় তলা, কক্ষ নং- ২০৫(পূর্ব)
০৭.	অডিটোরিয়াম ভাড়া	জাতীয় পরিচয়পত্রের কপি, পুলিশকে অবহিতকরণ কপি ও সরকার নির্ধারিত ফি (১) অর্ধদিবসের জন্য-৫৭৫০/- (১৫% ভ্যাটসহ) (২) পূর্ণ দিবসের জন্য-১১৫০০/- (১৫% ভ্যাটসহ) জমাদানের চালান কপি প্রাপ্তি সাপেক্ষে ০২ (দুই) কর্মদিবসের মধ্যে অডিটোরিয়াম ভাড়া প্রদান করা হয়।	মোঃ জামাল উদ্দিন চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চ.দা) ফোন: ৪৮১১৪৩৩১ মোবাইল: ০১৫৩১২৬৯৭০২ নিচতলা, কক্ষ নং-১০২ (পূর্ব)
০৮.	পরিদর্শন সেবা	আগ্রহী প্রতিষ্ঠান থেকে নিজস্ব প্যাডে আবেদন প্রাপ্তি সাপেক্ষে পরিদর্শন সেবা প্রদান করা হয়।	ঐ
০৯.	পরামর্শ সেবা	পরামর্শ সেবার অনুরোধপত্র ও কী ধরনের কাজ করতে হবে তার আবেদন প্রাপ্তি সাপেক্ষে পরামর্শ সেবা প্রদান করা হয়।	ঐ



১০-১-২০২১

ফরিদ আহমদ ভূঁইয়া

মহাপরিচালক

ফোন: ০২-৪৮১১৭৬৯৫

ফ্যাক্স: ০২-৫৮১৫৩৬৭১

ইমেইল: dg@nanl.gov.bd

নম্বর: ৪৩.২৫.০০০০.০১১.৯৯.০০১.১৮.৪৫/১(৬)

তারিখ: ২৬ পৌষ ১৪২৭  
১০ জানুয়ারি ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ২) প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৩) চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্ব), চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৪) মাইক্রোফিল্ম অফিসার, মাইক্রোফিল্ম (সংরক্ষণ) অফিসারের দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৫) বিবলিওগ্রাফার, বিবলিওগ্রাফি (প্রকাশনা ও রেফারেন্স), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ৬) সহকারী গ্রন্থাগার পরিচালক, সহকারী গ্রন্থাগার পরিচালক এর দপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।



১০-১-২০২১

মোঃ আবু দাউদ

বিবলিওগ্রাফার